



# দৈনিক খোঁজ খবর

কলকাতা থেকে প্রকাশিত দৈনিক বাংলা ই- পেপার
https://khonjkhobor.in
খবরের মাঝে খবরের খোঁজে






Volume - 1 • Issue - 13 • Date : 13th Jun 2025 • বর্ষ - ১ • সংখ্যা - ১৩ • তারিখ - ২৯ জ্যৈষ্ঠ • কলকাতা থেকে প্রকাশিত

## আহমেদাবাদ-লন্ডন ফ্লাইট ভেঙে পড়ল মাঝপথে!

### স্মরণ করিয়ে দিল 'রসনা গার্ল' তরুণী সচদেবের করুণ পরিণতির দিনটি

খোঁজখবর ঃ আকাশে উড়েছিল গন্তব্যে পৌঁছানোর অঙ্গীকার নিয়ে। কিন্তু তার শেষ হল ভয়ংকর ট্র্যাজেডিতে। আহমেদাবাদ থেকে লন্ডনগামী একটি যাত্রীবাহী বিমান আজ দুপুরে ভেঙে পড়ল মেঘানীনগর এলাকায়। বিমানটি ভেঙে পড়তেই মুহূর্তের মধ্যে ধ্বংসস্তূপে পরিণত হয় পুরো অঞ্চল। মৃত্যু হয়েছে বহু মানুষের, আহত বহু।

এই ভয়াবহ বিমান দুর্ঘটনা মনে করিয়ে দিল আরেকটা বেদনার মুহূর্ত—ভারতবর্ষ যে দিন হারিয়েছিল তার কনিষ্ঠতম এক অভিনেত্রীকে, 'রসনা গার্ল' নামে পরিচিত তরুণী সচদেবকে।

মাত্র ১৪ বছর বয়সে নেপালে অগ্নি এয়ারের একটি দর্নিয়ার বিমান দুর্ঘটনায় মা গীতা সচদেবের সঙ্গে প্রাণ হারিয়েছিলেন তরুণী। তার জন্মদিনেই ঘটেছিল সেই ঘটনা। বন্ধুদের বলেছিলেন—"মনে হয় যেন শেষবার তোমাদের সঙ্গে দেখা হচ্ছে।" তখন তা নিছক মজার মতো মনে হলেও, তা হয়ে ওঠে ভবিষ্যতের অশনি সংকেত।





তরুণী প্রায় ৫০টিরও বেশি বিজ্ঞাপনচিত্রে কাজ করেছিলেন, ছিলেন অমিতাভ বচ্চনের সহ-অভিনেত্রীও। দক্ষিণ ভারতের বেশ কিছু চলচ্চিত্রেও তার অভিনয় নজর কেড়েছিল। সেই সময়ের প্রতিটি শিশু, কিশোর ও মা-বাবার কাছে এক পরিচিত মুখ ছিলেন তিনি।

বৃহস্পতিবারের এই আহমেদাবাদ-লন্ডন বিমান দুর্ঘটনাও যেন ফের স্মরণ করিয়ে দিল সেই দুঃখজনক দিনটিকে। জানা গেছে, আজকের বিমানে ছিলেন গুজরাটের প্রাক্তন মুখ্যমন্ত্রীও। বিমানটি ভেঙে পড়েছে একটি মেডিকেল কলেজ ক্যাম্পাসে, যার ফলে আহত হয়েছেন বহু ছাত্রছাত্রী ও স্থানীয় বাসিন্দারা।

প্রশাসন ও উদ্ধারকার্যকারী বাহিনী তৎপর। দুর্ঘটনার কারণ জানতে তদন্ত শুরু হয়েছে। ভারতের আকাশপথে এই ধরনের মর্মান্তিক দুর্ঘটনা বারবার কাঁপিয়ে দেয় জাতিকে—স্মরণ করিয়ে দেয় জীবনের অনিশ্চয়তা ও সময়ের নিষ্ঠুরতা।

## আমেদাবাদ বিমান দুর্ঘটনায় কেঁদে উঠল ক্রীড়ামহল, ইস্টবেঙ্গল থেকে রাহুল—শোকপ্রকাশ দেশজুড়ে



খোঁজখবর, আমেদাবাদ : বৃহস্পতিবার দুপুরে আমেদাবাদে ভয়াবহ বিমান দুর্ঘটনায় প্রাণ হারিয়েছেন ২০০-রও বেশি যাত্রী—এমনটাই আশঙ্কা করা হচ্ছে। এই মর্মান্তিক ঘটনায় শোকস্তব্ধ গোটা দেশ। ক্রীড়ামহলেও ছড়িয়ে পড়েছে গভীর শোকের ছায়া।

দুর্ঘটনায় মৃতদের প্রতি শ্রদ্ধা জানিয়ে শোকপ্রকাশ করেছে ইস্টবেঙ্গল ক্লাব। এক বিবৃতিতে ক্লাবের তরফে জানানো হয়েছে, "আমরা গভীরভাবে শোকাহত। মৃতদের পরিবারের প্রতি আমাদের আন্তরিক সমবেদনা"।

সর্বভারতীয় ফুটবল ফেডারেশনও এই দুর্ঘটনায় শোকপ্রকাশ করেছে। সংস্থার তরফেও পরিবারগুলোর প্রতি সহমর্মিতা জানানো হয়েছে।

বৃহস্পতিবার প্রো হকি লিগে ভারত-আর্জেন্টিনার গুরুত্বপূর্ণ ম্যাচ শুরু হওয়ার আগে দুই দেশের খেলোয়াড়রাই নিহতদের প্রতি শ্রদ্ধা জানিয়ে এর পর তিন পাতায়


## আগামী দুই দিন স্কুল ছুটির সিদ্ধান্ত



খোঁজখবর,অত্রি চক্রবর্তী, কলকাতা : রাজ্যের কিছু জেলায় তাপপ্রবাহের পরিস্থিতি তৈরি হয়েছে। এই আবহে শুক্রবার এবং শনিবার রাজ্যের স্কুল সরকারি ও সরকারি সাহায্যপ্রাপ্ত স্কুলগুলিতে ছুটি রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সোশ্যাল মিডিয়ায় পোস্ট করে জানিয়েছেন শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু।

গরমের ছুটির পর স্কুল খুলেছে। কিন্তু দক্ষিণবঙ্গের একাধিক জেলায় গরমের সঙ্গে প্রবল আর্দ্রতাজনিত অস্বস্তি। এদিকে এখনও দেখা নেই বর্ষার। সকালে স্কুল খোলার দাবি জেলা থেকে আসছিল। গত কয়েকদিনে খবর মিলেছে মূলত দক্ষিণবঙ্গের বিভিন্ন স্কুলে অসুস্থ হয়ে পড়েছে শিশুরা। এই আবহে তড়িঘড়ি সিদ্ধান্ত নিয়েছে রাজ্য। এই সপ্তাহের শুক্রবার এবং শনিবার বন্ধ রাখা হবে স্কুল। আগামীকাল ও পরশু রাজ্যের সরকারি ও সরকারি সাহায্যপ্রাপ্ত স্কুলগুলি ছুটি থাকবে। প্রাথমিক, উচ্চ প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাপ্রতিষ্ঠানে ছুটি থাকবে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী। যদিও পার্বত্য এলাকার স্কুলে এই ছুটির নির্দেশ কার্যকর হবে না বলেও স্পষ্ট করেছেন ব্রাত্য বসু। এক্স হ্যান্ডল পোস্টে শিক্ষামন্ত্রী উল্লেখ করেছেন, "কিছু জেলায় তাপপ্রবাহের পরিস্থিতি রয়েছে বলে জানা গেছে।তাই সিদ্ধান্ত নেওয়া হয়েছে যে ১৩.০৬.২৫ এবং ১৪.০৬.২৫ তারিখে রাজ্যের (পার্বত্য এলাকা ব্যতীত) সমস্ত সরকারি ও সরকার পোষিত প্রাথমিক, উচ্চ প্রাথমিক, মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক, শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষা কার্যক্রম স্থগিত রাখা হবে। সংশ্লিষ্ট বোর্ড ও সংসদ কর্তৃপক্ষকে যথাযথ ব্যবস্থা নেওয়ার জন্য অনুরোধ করা হয়েছে।"

## আহমেদাবাদ-লন্ডন বিমানের ভয়াবহ দুর্ঘটনায় কেঁপে উঠল বিশ্ব, যাত্রীদের খোঁজে হাহাকার








খোঁজখবর, আমেদাবাদ : আকাশে উড়েছিল এক স্বপ্ন নিয়ে, অথচ নামল মৃত্যুর বিভীষিকা নিয়ে। আহমেদাবাদ থেকে লন্ডনগামী একটি বিমান বৃহস্পতিবার ভেঙে পড়ল এক মেডিকেল কলেজের হোস্টেলের উপর। বিস্ফোরণের তীব্রতায় কেঁপে উঠল গোটা এলাকা। আগুনে জ্বলছে বাড়ি, গাড়ি, এমনকি আশেপাশের গাছপালাও। দুর্ঘটনার ভয়াবহতায় স্তব্ধ গোটা বিশ্ব। আশঙ্কা, প্রায় সব যাত্রীই প্রাণ হারিয়েছেন।

আহমেদাবাদের আসারওয়া সিভিল হাসপাতালের সামনে ভিড় জমেছে আত্মীয়দের। কেউ খোঁজ করছেন ভাইকে, কেউ বা সন্তানের দেহ খুঁজে ফিরছেন। হাসপাতালের জেনারেল ওয়ার্ডে শুয়ে এক যুবক জানিয়েছেন, তিনিও ছিলেন সেই মরণবিমানেই।

সর্বভারতীয় সংবাদমাধ্যম সূত্রে খবর, বছর চল্লিশের বিশ্বাস কুমার রমেশ দাবি করেছেন, বিমান ভেঙে পড়ার মুহূর্তে তিনি সেখানেই ছিলেন। গুরুতর আহত হলেও কোনওক্রমে প্রাণে বেঁচে গেছেন তিনি। তাঁর

### আকাশে মৃত্যুমিছিল

শরীরে চোখ, বুক, পিঠ সহ একাধিক স্থানে গভীর ক্ষত। ওই যুবকের দাবি, বিমান উড্ডয়নের কয়েক সেকেন্ড পরেই এক প্রচণ্ড বিকট শব্দ হয়, তারপরেই নিমেষে ভেঙে পড়ে বিমানটি। বিমানে ছিলেন তাঁর ভাইও, তবে দুর্ঘটনার পর থেকে তাঁকে আর খুঁজে পাওয়া যাচ্ছে না।

বিশ্বাস কুমার জানিয়েছেন, তিনি প্রায় ২০ বছর ধরে লন্ডনে থাকেন। স্ত্রী-সন্তানও লন্ডনেই আছেন। এদিন জ্ঞান ফিরে চারিদিকে শুধু লাশের স্তূপ আর কান্নার আওয়াজ শুনতে পান। মৃত্যুর মধ্যে থেকে কোনওক্রমে পালিয়ে হাসপাতালে পৌঁছেছেন তিনি। সংবাদমাধ্যমে প্রকাশ পেয়েছে তাঁর এয়ার ইন্ডিয়ার টিকিটের ছবিও।

ডিজিসিএ তদন্তে নেমেছে । ডিজিসিএ-র প্রাথমিক রিপোর্ট অনুযায়ী, বিমানটি উড্ডয়নের সময় মাত্র ৬২৫ ফুট উচ্চতা থেকে প্রতি মিনিটে ৪৭৫ ফুট হারে নিচে নামতে শুরু করে। পাইলটদের প্রতিক্রিয়া জানানোর সময় ছিল মাত্র ৬০ সেকেন্ডেরও কম। হঠাৎই নিয়ন্ত্রণ হারিয়ে বিমানটি একটি মেডিকেল কলেজ হোস্টেলের উপর আছড়ে পড়ে, সঙ্গে সঙ্গে ঘটে ভয়াবহ বিস্ফোরণ।

এর পর তিন পাতায়

# সম্পাদকীয়

## “রতন টাটা নেই, কিন্তু তাঁর আদর্শ আজও টাটাদের প্রতিটি পদক্ষেপে জীবন্ত”।

আবারও প্রমাণ দিল টাটা গ্রুপ—মানুষের পাশে দাঁড়ানোই তাদের প্রকৃত ধর্ম। আহমেদাবাদের হৃদয়বিদারক বিমান দুর্ঘটনার পর যখন গোটা দেশ শোকাহত, ঠিক তখনই এক মানবিক সিদ্ধান্তে গোটা জাতির মন ছুঁয়ে গেল টাটারা।

ঘটনাস্থলে প্রাণ হারানো প্রত্যেকের পরিবারের পাশে দাঁড়াতে ১ কোটি টাকা ক্ষতিপূরণের ঘোষণা করল টাটা গ্রুপ। শুধুমাত্র আর্থিক সাহায্যই নয়, এই ক্ষত কাটিয়ে ওঠার লড়াইতে যাঁরা আহত হয়েছেন, তাঁদের চিকিৎসার সমস্ত খরচ বহন করবে সংস্থাটি। এমনকী, দুর্ঘটনায় ক্ষতিগ্রস্ত স্থানীয় মেডিকেল কলেজের বিল্ডিংটিও টাটা গ্রুপ নিজ খরচে পুনর্নির্মাণ করে দেবে—এ এক নিঃস্বার্থ ও বিরল মানবিকতার দৃষ্টান্ত।

রতন টাটা ব্যক্তিগতভাবে বহুবার বলেছেন, “ব্যবসা শুধু মুনাফার জন্য নয়, সমাজের কাছে দায়বদ্ধতার নাম।” আজ তিনি সক্রিয়ভাবে সংস্থার নেতৃত্বে না থাকলেও, তাঁর দেখানো পথেই হাঁটছে টাটা গ্রুপ। এই উদ্যোগ শুধু দায়িত্ববোধ নয়, বরং এক গভীর সহমর্মিতা ও মানবিকতাকে তুলে ধরছে, যা আজকের কর্পোরেট দুনিয়ায় সত্যিই বিরল।

এই কঠিন সময়ে টাটা গ্রুপ যে দৃষ্টান্ত স্থাপন করল, তা কেবল অর্থসাহায্য নয়—এ এক আশ্বাস, এ এক সাহস, আর সবচেয়ে বড় কথা—এ এক ভালোবাসা। যে ভালোবাসায় আবার প্রমাণ হল, টাটারা কেবল ব্যবসায়ী নন, তাঁরা হৃদয়ের মানুষের পাশে থাকার নাম। আজ কোটি কোটি মানুষ টাটা পরিবারের এই মানবিক উদ্যোগ দেখে বলছে—রতন টাটা না থাকলেও, টাটাদের হৃদয় ঠিক আগের মতোই রয়ে গেছে।

## ছোবল খেয়ে জ্যান্ত চন্দ্রবোড়া সাপ নিয়ে হাসপাতালে এক গৃহবধূ

উজ্জ্বল বন্দ্যোপাধ্যায়,বারুইপুর : ছোবল খেলেন,তবু ভয় নয়,জ্যান্ত চন্দ্রবোড়া সাপ নিয়ে হাসপাতালে কৃষ্ণা।দশ বছর পর একই ছোবলে ছিন্নভিন্ন এক স্বপ্ন! চন্দ্রবোড়ার বিষ ফের তাড়া করল অতীতকে। এবার আর ভুল নয়,জ্যান্ত সাপ নিয়ে সোজা হাসপাতালে।দশ বছর আগে যেমনভাবে সাপের কামড়ে মৃত্যুমুখ থেকে ফিরে এসেছিলেন কৃষ্ণা নস্কর, ঠিক তেমনই ঘটনার পুনরাবৃত্তি ঘটল আবারও। দক্ষিণ ২৪ পরগনার বারুইপুরে বাড়ির বাগানে কাজ করার সময় ফের বিষধর চন্দ্রবোড়া সাপের কামড়ে আক্রান্ত হলেন তিনি। বর্তমানে তিনি ক্যানিং মহকুমা হাসপাতালে চিকিৎসাধীন। তবে এবারে অবস্থার অবনতি হয়নি, স্থিতিশীল আছেন তিনি।জীবন যেন বারবার একই জায়গায় এসে থামে। দশ বছর আগে যে দুঃস্বপ্ন থেকে কোনওক্রমে ফিরে এসেছিলেন দক্ষিণ ২৪ পরগনার বারুইপুরের কৃষ্ণা নস্কর, সেই বিভীষিকাই আবার ফিরে এল তাঁর জীবনে। সময়টা বুধবার বিকেল সাড়ে পাঁচটা। প্রতিদিনের মতোই বাড়ির সামনের বাগানে নিজের হাতে বাগান পরিষ্কার করছিলেন কৃষ্ণা।হঠাৎ পায়ের কাছে কিছু নড়াচড়া টের পেয়ে তাকিয়ে দেখেন, আর এ যেন ঠিক দশ বছর আগের পুনরাবৃত্তি। সেই সময়ও নিজের উঠানে কাজ করার সময় একই প্রজাতির বিষধর চন্দ্রবোড়া সাপের ছোবলে গুরুতর অসুস্থ হয়ে পড়েছিলেন কৃষ্ণা। তখন তাঁকে বারুইপুর মহকুমা হাসপাতাল থেকে চিত্তরঞ্জন ন্যাশনাল মেডিকেল কলেজে স্থানান্তরিত করা হয়েছিল। বিষক্রিয়ায় এতটাই মারাত্মক অবস্থা হয়েছিল যে, তাঁর কিডনি পর্যন্ত কাজ করা বন্ধ করে দেয়। বাধ্য হয়ে ডায়ালিসিস পর্যন্ত নিতে হয়েছিল তাঁকে। সেই ভয়াবহ স্মৃতি আজও পরিবারের সদস্যদের মনে গেঁথে আছে।কিন্তু নিয়তি যেন ফের একবার পরীক্ষা নিতে চাইল কৃষ্ণার। এবারের ঘটনা ঘটার পরপরই পরিবারের সদস্যরা কোনও ঝুঁকি না নিয়ে তড়িঘড়ি তাঁকে বারুইপুর মহকুমা হাসপাতালে নিয়ে যান। সেখান থেকে প্রাথমিক চিকিৎসার পর তাঁকে ক্যানিং মহকুমা হাসপাতালে স্থানান্তর করা হয়। বর্তমানে কৃষ্ণা সেখানে চিকিৎসাধীন রয়েছেন। তবে চিকিৎসকরা জানিয়েছেন, এবারে তাঁর অবস্থা স্থিতিশীল।তবে এবারের ঘটনায় একটি ব্যতিক্রমী দিক রয়েছে। কৃষ্ণা ও তাঁর পরিবারের সদস্যরা শুধু আক্রান্ত অবস্থায় হাসপাতালে ছুটে আসেননি,সঙ্গে করে সাপ টিকেও জ্যান্ত ধরে নিয়ে এসেছেন চিকিৎসকদের কাছে। এটি চিকিৎসার ক্ষেত্রে যথেষ্ট সহায়ক হয়েছে বলে জানিয়েছে হাসপাতালের চিকিৎসক। চিকিৎসকরা জানিয়েছেন, চন্দ্রবোড়া সাপ ভারতের অন্যতম বিষধর প্রজাতির সাপ।এর কামড়ে রক্ত জমাট বাঁধার প্রক্রিয়া বন্ধ হয়ে যায়, রেনাল ফেইলিওর বা কিডনি বিকল হওয়ার আশঙ্কা প্রবল থাকে। এবারে যেই সাপটি কৃষ্ণাকে ছোবল দেয়, সেটি তুলনায় ছোট ছিল। সেজন্যই বিষের পরিমাণ তুলনায় কম ছিল এবং তীব্রতা কম হওয়ায় কৃষ্ণার অবস্থা সেভাবে সংকটজনক হয়নি।তবে চিকিৎসকদের হুঁশিয়ারি—সাপ যত ছোটই হোক না কেন,বিষধর সাপের ছোবলকে কখনও হালকা ভাবে নেওয়া উচিত নয়। কারণ, ছোট সাপের বিষথলি ছোট হলেও বিষের ধরণ অত্যন্ত প্রাণঘাতী হতে পারে। বিষ শরীরে ছড়িয়ে পড়লে দ্রুত চিকিৎসা না হলে প্রাণনাশ পর্যন্ত হতে পারে।এখন কৃষ্ণা নস্কর হাসপাতালে চিকিৎসাধীন, চিকিৎসকরা প্রতি মুহূর্তে নজর রাখছেন তাঁর শারীরিক অবস্থার উপর। তবে সবচেয়ে আশার কথা, দশ বছর আগের সেই ভয়াবহ পরিণতির মতো এবার যেন আর তা না ঘটে—এই আশাতেই বুক বাঁধছেন কৃষ্ণা ও তাঁর পরিবার।

## স্নাতকে ভর্তির পোর্টাল খুলছে ১৭ জুন: উচ্চশিক্ষা দফতরের বিজ্ঞপ্তি

খোঁজখবর, কলকাতা:- দীর্ঘ প্রতীক্ষার অবসান ঘটিয়ে আগামী ১৭ জুন, সোমবার বিকেল ৪টেয় উচ্চশিক্ষা দফতর স্নাতকে ভর্তির পোর্টাল খুলতে চলেছে। উচ্চমাধ্যমিক পরীক্ষার ফল প্রকাশের প্রায় দেড় মাস পর এই সিদ্ধান্ত উচ্চশিক্ষার দোরগোড়ায় অপেক্ষারত শিক্ষার্থীদের জন্য স্বস্তি নিয়ে এসেছে। গত ৭ মে উচ্চমাধ্যমিকের ফলাফল প্রকাশিত হলেও, কিছু জটিলতার কারণে ভর্তি প্রক্রিয়া শুরু হতে বিলম্ব হচ্ছিল।

ভর্তি প্রক্রিয়া শুরু হতে দেরি হওয়ার প্রধান কারণ ছিল ওবিসি (OBC) তালিকা নিয়ে সংশয়। বিরোধী দলগুলোর পক্ষ থেকে দাবি করা হচ্ছিল যে, ওবিসি তালিকা চূড়ান্ত না হওয়ায় ভর্তি প্রক্রিয়া স্থগিত রাখা হয়েছে। এই জট নিরসনে রাজ্য সরকার গতকাল ১৪০ শ্রেণীর ওবিসি তালিকা প্রকাশ করেছে, যা ভর্তির পথ সুগম করেছে।

এই ঘোষণার ফলে রাজ্যের হাজার হাজার উচ্চমাধ্যমিক উত্তীর্ণ শিক্ষার্থী এখন স্বস্তির নিঃশ্বাস ফেলছে। তারা এখন নিজেদের পছন্দের কলেজ বা বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য আবেদন করতে পারবে। উচ্চশিক্ষা দফতর এই প্রক্রিয়াকে নির্বিঘ্ন করতে সব রকম প্রস্তুতি নিচ্ছে বলে জানা গেছে।

শিক্ষার্থীদের উচিত হবে ১৭ জুন পোর্টাল খোলার সাথে সাথেই প্রয়োজনীয় কাগজপত্র প্রস্তুত রাখা এবং নির্ভুলভাবে আবেদন প্রক্রিয়া সম্পন্ন করা। বিস্তারিত নির্দেশাবলী পোর্টালে উপলব্ধ থাকবে।

## মানসিক অবসাদে আত্মঘাতী ষাট বছরের ব্যক্তি, গাছে ঝুলন্ত দেহ উদ্ধার ঘিরে চাঞ্চল্য!

পূর্ব বর্ধমানের মেমারি থানার রসুলপুরের রানাপাড়া এলাকায় মানসিক অবসাদের জেরে গলায় ফাঁস দিয়ে আত্মঘাতী হলেন এক ব্যক্তি। বৃহস্পতিবার সকালে বাড়ির সামনের গাছ থেকে ঝুলন্ত অবস্থায় তাঁর মৃতদেহ উদ্ধার হওয়ায় এলাকায় চাঞ্চল্য ছড়ায়।

পুলিশ সূত্রে জানা যায়,মৃত ব্যক্তির নাম সুভাষ বিশ্বাস, বয়স আনুমানিক ৬০ বছর। পরিবার সূত্রে জানা গিয়েছে, দু'বছর আগে তিনি স্ট্রোকে আক্রান্ত হন। তারপর থেকেই শরীরিক ও মানসিকভাবে দুর্বল হয়ে পড়েন তিনি। দীর্ঘদিন ধরে তাঁর চিকিৎসা চলছিল।

জানা গেছে, বুধবারও চিকিৎসা করিয়ে সন্ধ্যায় বাড়ি ফেরেন সুভাষবাবু। কিন্তু বৃহস্পতিবার ভোরে পরিবারের লোকজন বাড়ির সামনের একটি গাছে তাঁর ঝুলন্ত দেহ দেখতে পান। সঙ্গে সঙ্গে খবর দেওয়া হয় মেমারি থানায়। পুলিশ এসে দেহ উদ্ধার করে মেমারি গ্রামীণ হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাঁকে মৃত ঘোষণা করেন।

## বারুইপুর হাসপাতালের সামনে রাস্তার ওপর ইমারতি জিনিস পড়ে থাকায় আটকে এম্বুলেন্স



খোঁজ খবর, উজ্জ্বল বন্দ্যোপাধ্যায়, বারুইপুর : বারুইপুর হাসপাতালে প্রবেশ করতে পারছে না অক্সিজেন সিলিন্ডারের গাড়ি। রাস্তায় পড়ে ইমারতি দ্রব্যের কারণে।খোদ বারুইপুর সুপার স্পেশালিটি হাসপাতালে যাওয়ার রাস্তা দখল করে যত্র তত্র পড়ে আছে ইমারতি দ্রব্য। হাসপাতালের অক্সিজেন সিলিন্ডার ঢোকার গাড়ি আসতে পারছে না।প্রায় দুই ঘন্টা রাস্তাতেই আটকে ছিল সিলিন্ডার ভর্তি গাড়ি। রোগী ভর্তি অ্যাম্বুলেন্স ঢুকতে হিমশিম খেতে হচ্ছে। ঘটছে দুর্ঘটনাও। এমনই দিনের পর দিন হচ্ছে বারুইপুর সুপার স্পেশালিটি হাসপাতালের পিছনে পুরসভার ১৫ নম্বর ওয়ার্ডে।অভিযোগ, বারুইপুরে রাস্তা জুড়ে ইমারতি দ্রব্য ফেলে রাখা রোজকার ঘটনা হয়ে উঠেছে। তিতিবিরক্ত এলাকার লোকজন থেকে শুরু করে হাসপাতালে আসা রোগীর পরিবার পরিজন। হাসপাতাল কর্তৃপক্ষ এই বিষয়ে স্থানীয় কাউন্সিলরের গোচরে এনেছেন।এ ব্যাপারে স্থানীয় কাউন্সিলার অর্চনা মল্লিক জানিয়েছেন এই বিষয়ে ব্যবস্থা নেওয়া হবে।বারুইপুর মহকুমা হাসপাতালের সুপার ধীরাজ রায় বলেন,পুলিশ প্রশাসন ও পৌরসভার কাউন্সিলারকে বিষয়টা জানিয়েছি।প্রয়োজনে উদ্বতন কর্তৃপক্ষকে জানাবো।

## এক পক্ষকাল ব্যাপী কৃষকদের সাথে যোগাযোগ বাড়াতে বিকশিত কৃষি সংকল্প অভিযান হয়ে গেল নিমপীঠ রামকৃষ্ণ কৃষি বিজ্ঞান কেন্দ্রের উদ্যোগে

খোঁজখবর,উজ্জ্বল বন্দ্যোপাধ্যায়, জয়নগর : গ্রামের মানুষ আজ ও কৃষি নির্ভর।তাই ভারত সরকারের কৃষি মন্ত্রালয় কৃষকদের সাথে সরাসরি যোগাযোগ মাধ্যম গড়ে তুলেছে দেশের কৃষি বিজ্ঞান কেন্দ্র গুলির মধ্যে দিয়ে।গত ২৯ শে মে থেকে ১২ ই জুন পর্যন্ত এই এক পক্ষ কাল ব্যাপী সারা দেশে হয়ে গেল বিকশিত কৃষি সংকল্প অভিযান নামে প্রায় দেড় কোটি কৃষকদের সাথে সরাসরি যোগাযোগের অভিযান।ভারতীয় কৃষি ও কৃষক মন্ত্রালয়, ব্যারাকপুরের ভারতীয় কৃষি অনুসন্ধান পরিষদ এবং নিমপীঠ রামকৃষ্ণ আশ্রম কৃষি বিজ্ঞান কেন্দ্রের আয়োজনে এক পক্ষ কাল ব্যাপী অনুষ্ঠানের সূচনা হয়েছিলো নিমপীঠ রামকৃষ্ণ আশ্রমের কৃষি বিজ্ঞান কেন্দ্রে।প্রথম দিন কুলতলি বিধানসভার গোপালগঞ্জ পঞ্চায়েতের বনঘেরী ও মধ্য গুড়গুড়িয়ার গ্রামে গিয়ে কৃষকদের মুখোমুখি হন কৃষি বিশেষজ্ঞরা।এর পরে একে একে জয়নগর এক নম্বর ব্লক,দু নং ব্লক,কুলতলি, মন্দিরবাজার, কুলপি,সাগর,নামখানা,কাকদ্বীপ, পাথরপ্রতিমা,ডায়মডায়মন্ডহারবার এক নম্বর, মথুরাপুর এক নং,দু নং,মগরাহাট এক নং, দু নং মোট ১৪ টি ব্লকে প্রায়২৮ হাজার কৃষকদের মুখোমুখি হন কৃষি বিশেষজ্ঞরা।তাদের সাথে চাষের সমস্যা নিয়ে আলোচনা করেন তারা।এই অভিযানের গুরুত্ব তুলে ধরেন এবং এই সমস্যা সমাধানের কি করনীয় তা ব্যাখা করেন।এই ১৫ দিন দেশের ৭০০ টি জেলায় দু হাজারের বেশি বৈজ্ঞানিক দল অংশ গ্রহন করছে এই বিকশিত সংকল্প অভিযানে।আর এই অভিযানকে ঘিরে সুন্দরবনের চাষিদের মধ্যে আগ্রহ ছিলো তুঙ্গে।এই অভিযানের শেষ দিনে বৃহস্পতিবার নিমপীঠ রামকৃষ্ণ কৃষি বিজ্ঞান কেন্দ্রে কৃষকদের কৃষি আলোচনার মধ্যে দিয়ে এই অভিযান শেষ হয়।এবং একেবারে শেষ পর্বে মথুরাপুর দু নং ব্লকের কুমড়োপাড়া অতিথি ভবনে কৃষকদের সাথে কর্মশালার মধ্যে দিয়ে নিমপীঠ রামকৃষ্ণ কৃষি বিজ্ঞান কেন্দ্র এক পক্ষকাল ব্যাপী চলা বিকশিত কৃষি সংকল্প অভিযান শেষ হয়।






## বিশেষ নিবন্ধ

# আইপিএলের প্রয়োজন নেই

দৈনিক খোঁজ খবর

শক্তি চট্টোপাধ্যায়

আইপিএল ক্রিকেট জুয়ার অন্য নাম। অনেকেই আবার এই খেলাকে খেলা না বলে বিনোদন বলেন। একটি রাষ্ট্রের যুব সমাজকে উচ্ছন্নে পাঠাতে আইপিএলের আগে কোনো বস্তু হতে পারেনা। ভারতের বহু-বহু টাকা ফ্রাঞ্চাইজিদের হাতে রয়ে গিয়েছে। দেশের সেবায় সেই টাকার কণামাত্র কাজে না এসে জুয়া ব্যবসায় লগ্নি হচ্ছে। ক্রিকেটাররা রাতারাতি ধনকুবের হচ্ছেন। ভারত সরকারের এই বিষয়ে কোনো নিয়ন্ত্রণ নেই। যখন কোনো সমস্যা উঠে আসে তখনই একজন অপরজনের ঘাড়ে দোষ ঠেলেন। সম্প্রতি আইপিএল কাপ জয়ী রয়েল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরু দলটিকে চিন্নাস্বামী স্টেডিয়ামে গণসংবর্ধনা দিতে গিয়ে মর্মান্তিক দুর্ঘটনা ঘটে গেল। শিশু সহ ১১ জন পদপিষ্ট হয়ে প্রাণ হারালেন। আহত হলেন বহু। ভারতে বহু হুজুগে মানুষ আছেন। শ্রমিকগিরি করেন, সংসারে দু-পয়সা ভালো করে দিতে পারেন না, তবুও কোটি-কোটি টাকা পাওয়া আইপিএল ক্রিকেটারদের ধূপ-ফুল দিয়ে তাঁদের পুজো দেওয়া চাই। দেশের সেনাবাহিনীর প্রতি অতটা শ্রদ্ধা নেই, যতটা শ্রদ্ধা রয়েছে জুয়াড়ি ক্রিকেটারদের প্রতি। ক্রিকেট প্রেম এবং ক্রিকেটার ফ্যান কথাগুলো সর্বনাশ করে দিচ্ছে বর্তমান যুব সম্প্রদায়কে। ফলেই এমন মর্মান্তিক মৃত্যু ঘটছে এটা অস্বীকার করবার উপায় নেই। কর্ণাটকের মুখ্যমন্ত্রীর এই বিষয়ে প্রশংসা করতেই হবে। দেরিতে হলেও আইপিএল কর্তা, আরসিবি কর্তা সবার বিরুদ্ধে কঠোরতম ব্যবস্থা গ্রহণ করেছেন। বহু পুলিশ অফিসার, তাঁর নিজের রাজনৈতিক সচিব ইত্যাদিদের হয় সাসপেন্ড করেছেন বা দায়িত্ব থেকে অব্যাহতি দিয়েছেন। খেলার নামে ক্রিকেটকে বিনোদন ও জুয়ার পর্যায়ে নিয়ে গিয়ে সর্বনাশ করে দিয়েছেন সমাজটায়। পশ্চিমবঙ্গের গ্রামে-গঞ্জে, শহরের অনেক পাড়ায় দেখা যাচ্ছে প্রকাশ্যে ক্রিকেটের নামে জুয়া খেলা। ইঁটভাটার শ্রমিক, রাজমিস্ত্রির জোগাড়ি, সাধারণ মজুর, ভ্যানচালক, টোটোচালক ইত্যাদি বা পাড়ার উটকো ছেলেরা রাত হলেই কোনো একবৃত্ত ফাঁকা মাঠে আলোর বন্যা বইয়ে ক্রিকেট প্রতিযোগিতায় অংশ নিচ্ছেন। চলছে মদ্যপান। চ্যাম্পিয়নরা পাচ্ছেন টাকা, ছাগল বা গোটা কয়েক কেছি মুরগি। প্রবেশমূল্য থাকছে বেশ চড়া। লেখাপড়ার বালাই নেই। বিকেল হলেই ক্রিকেটের ব্যাট কাঁধে ঝুলিয়ে মোটরবাইক, সাইকেল বা পায়ে হেঁটে জুয়াড়ি ক্রিকেটার চলছেন গন্তব্যে। চলছেন উচ্ছন্নে যেতে। সারারাত মাইকের শব্দ। বিছিকিচ্ছি অবস্থা। আইপিএলের প্রয়োজন নেই। আইপিএলে টাকা দেশের উন্নয়নে কাজে আসুক।

# আমরণ অনশনে চাকরিহারা শিক্ষকরা, মুখ্যমন্ত্রীর সাক্ষাৎ দাবি



খোঁজখবর ঃ নিয়োগ দুর্নীতির বিরুদ্ধে ক্ষোভ চরমে। এবার আমরণ অনশন শুরু করছেন চাকরিহারা শিক্ষকরা। আজ রাত ১২টা থেকে হাইকোর্ট নির্ধারিত টেন্টে অন্তত ১০ জন শিক্ষক এই অনশনে বসছেন। চার দফা দাবি নিয়েই তারা পথে। মুখ্যমন্ত্রীর সাথে সাক্ষাৎ এবং বিচারপূর্ব পুনর্বিবেচনা তাঁদের অন্যতম দাবি। তাঁদের কথায়, "চেয়ারম্যানের সঙ্গে কথা হলেও সদিচ্ছার অভাব স্পষ্ট। কোনও সদর্থক বার্তা আসেনি। রিভিউ ফাইল হলেও আশার আলো দেখছি না।"

'যোগ্য শিক্ষক অধিকার মঞ্চ'-এর তরফে জানানো হয়েছে, আমরণ অনশন চলবে দাবি না মানা পর্যন্ত। তাঁরা অভিযোগ করেন, "শুধু নাটক চলছে। সরকার যেন কিছুই হয়নি এমন ভাব করছে। ফের দ্রুত ফর্ম ফিলাপ করিয়ে দুর্নীতির প্রস্তুতি চলছে।"

চলবে ধারাবাহিক কর্মসূচিও। তাঁদের দাবি, "আমরা সিবিআই অফিসেও গিয়েছিলাম। যথাযথ তদন্ত হয়নি। আমাদের নির্দোষ প্রমাণে প্রয়োজনীয় সিএফএসএল ডেটা যেন দ্রুত উদ্ধার করা হয়।"

শিক্ষামন্ত্রীর সাম্প্রতিক মন্তব্য ঘিরেও ক্ষোভ বাড়ছে। অধিকাংশ শিক্ষক আবারও পরীক্ষা দিতে রাজি বলেও জানান তাঁরা। তবে একইসঙ্গে হুঁশিয়ারি দিয়েছেন— যদি মন্ত্রী সাহেব পরীক্ষায় বসতে ইচ্ছুকদের তালিকা প্রকাশ না করেন, তবে তা তাঁরাই প্রকাশ করবেন।

আন্দোলনকারীদের সাফ কথা, "আমরা নতুনদের নিয়োগের বিরোধিতা করছি না। কিন্তু আমাদের বিচার যেন হয় সঠিকভাবে। রিভিউতে যদি আমরা নির্দোষ প্রমাণিত হই, তাহলে ফের নিয়োগ পেতেই হবে।"

রাজ্যজুড়ে শিক্ষক নিয়োগ ইস্যুতে উত্তাপ আরও বাড়বে বলেই মনে করছে শিক্ষামহল।

# আদ্যাপীঠ নিয়ে মেগা সিরিয়াল



খোঁজখবর,পারিজাত মোল্লা : আদি শক্তি আদ্যাপীঠ ধারাবাহিক মেগা সিরিয়াল সম্প্রচার শুরু হবে ১৬ই জুন সোম থেকে শনি সন্ধ্যে সাতটায় আকাশ আট চ্যানেলেএ |এই মেগা সিরিয়ালের পরিচালক সুশান্ত বসু ,গবেষণায় গীতা বিশ্বাস, চিত্রনাট্য সংলাপ রাকেশ ঘোষ | বৃহস্পতিবার বিকেলে দক্ষিণেশ্বর রামকৃষ্ণ সংঘ আদ্যাপীঠ নাট মন্দিরে শুভ সূচনা করলেন সংঘের সাধারণ সম্পাদক ও ট্রাস্টি ব্রহ্মচারী মুরাল ভাই | জানা গেছে, আদ্যা মায়ের ভূমিকায় মধুশ্রী পাল, অন্নদাচরণ রৌনক ভট্টাচার্য ,মনিকুন্তলা দিগন্তিকা চৌধুরী ও অন্যান্য শিল্পীবৃন্দরা রয়েছেন |

# কালিয়াচকে হোটেল থেকে প্রেমিকসহ হাতেনাতে ধরা পড়ল গৃহবধূ, পালাল প্রেমিক

খোঁজখবর, দেবাশীষ পাল, মালদা: প্রেমিকের সঙ্গে হোটেলের ঘরে অন্তরঙ্গ মুহূর্তে থাকাকালীনই স্বামীর হঠাৎ হানায় হাতেনাতে ধরা পড়ল এক গৃহবধূ। চাঞ্চল্যকর এই ঘটনাটি ঘটেছে মালদার কালিয়াচক থানা এলাকার চৌরঙ্গী সংলগ্ন একটি হোটেলে। অভিযুক্ত গৃহবধূকে পরে আটক করে পুলিশ, যদিও পুলিশের আসার আগেই জানালা ভেঙে পালিয়ে যায় তার প্রেমিক।

জানা গেছে, কালিয়াচকের বাসিন্দা ওই গৃহবধূর স্বামী এদিন নিজের ব্যক্তিগত কাজে পুরাতন ১৬ মাইল এলাকা থেকে কালিয়াচকে আসেন। হঠাৎই তিনি রাজনগর এলাকার এক যুবকের সঙ্গে তার স্ত্রীকে দেখতে পান। সন্দেহবশত তিনি তাঁদের অনুসরণ করে ওই হোটেলে পৌঁছন। হোটেলের রেজিস্টার দেখতে চাইলে ম্যানেজার তা দেখাতে অস্বীকার করেন। এরপরই তিনি কালিয়াচক থানায় অভিযোগ জানান।

খবর পেয়ে তৎক্ষণাৎ পুলিশ হোটেলে হানা দেয়। হোটেলের একটি ঘর থেকে ওই গৃহবধূকে অর্ধনগ্ন অবস্থায় উদ্ধার করে মহিলা পুলিশ কর্মীরা। তবে পুলিশের উপস্থিতি টের পেয়ে হোটেলের জানালা ভেঙে পালিয়ে যায় প্রেমিক যুবক।

গৃহবধূর স্বামীর অভিযোগ, "দুই বছর আগে আমাদের বিয়ে হয়। বিয়ের ছয় মাসের মধ্যেই জানতে পারি, আমার স্ত্রীর একাধিক প্রেমের সম্পর্ক ছিল। বিষয়টি নিয়ে প্রতিবাদ করায় সে আমার বিরুদ্ধে মিথ্যা মামলাও দায়ের করে। আজ যখন তাকে প্রেমিকের সঙ্গে হাতেনাতে ধরলাম, তখন হোটেলের ম্যানেজারই আমাকে বাইরে বের করে দেয়।"

তিনি আরও জানান, "আমি থানায় লিখিত অভিযোগ করেছি এবং চাই বিষয়টির তদন্ত হোক ও উপযুক্ত বিচার হোক।" পুলিশ সূত্রে জানা গেছে, ঘটনার তদন্ত শুরু হয়েছে। প্রেমিক যুবককে খুঁজে বের করার চেষ্টা চলছে। ঘটনাটি নিয়ে এলাকায় চাঞ্চল্য ছড়িয়েছে।

# অশোকনগর হোটেলে পুলিশি হানা, গ্রেপ্তার এক মহিলা সহ ছয় জন



খোঁজখবর,অলোক আচার্য, অশোকনগর : গভীর রাতে অশোকনগরের কচুয়া মোড় এলাকার 'গ্রীন অ্যাপেল' নামে একটি হোটেলে হানা দিল অশোকনগর থানার পুলিশ। মধুচক্র চালানোর অভিযোগে হোটেল থেকে দুই মহিলা, এক দালাল-সহ মোট ছয়জনকে গ্রেফতার করে পুলিশ। সিল করে দেওয়া হয়েছে হোটেলের দুটি ঘর। গোপন সূত্রে পাওয়া তথ্যের ভিত্তিতে বুধবার গভীর রাতে অভিযান চালায় পুলিশ। পুলিশের তরফে জানানো হয়েছে, বেশ কিছুদিন ধরেই অভিযোগ আসছিল ওই হোটেলে অনৈতিক কর্মকাণ্ড চলছে। সেই সূত্র ধরেই হানা। অভিযানে গ্রেফতার হওয়া ব্যক্তিদের কাছ থেকে বাজেয়াপ্ত করা হয়েছে সিসিটিভির হার্ডডিস্ক, মোবাইল ফোন, বিছানার চাদর, এবং মদের বোতল। বৃহস্পতিবার গ্রেফতার হওয়া ছয়জনকে বারাসাত আদালতে পেশ করা হয়। এই ঘটনাকে কেন্দ্র করে অশোকনগর জুড়ে ব্যাপক চাঞ্চল্য ছড়িয়েছে। পাশাপাশি শুরু হয়েছে রাজনৈতিক তরজাও।

# কেঁদে উঠল ক্রীড়ামহল

এক পাতার পর

নীরবতা পালন করেন। সোশ্যাল মিডিয়ায় প্রতিক্রিয়া জানিয়েছেন দেশের প্রখ্যাত ক্রীড়াবিদরা। 'এক্স'-এ (প্রাক্তন টুইটার) কে এল রাহুল লিখেছেন, "আমেদাবাদে দুঃখজনক বিমান দুর্ঘটনার খবর শুনে স্তম্ভিত। যাঁরা ক্ষতিগ্রস্ত হয়েছেন, তাঁদের পরিবারের প্রতি আমার আন্তরিক সহানুভূতি ও প্রার্থনা রইল"।

প্রাক্তন ক্রিকেটার বীরেন্দ্র সেহওয়াগও একটি পোস্টে নিহতদের আত্মার শান্তি কামনা করেন এবং পরিবারের পাশে থাকার বার্তা দেন।

ভারতের প্রাক্তন টেস্ট অধিনায়ক এবং প্রাক্তন প্রধান কোচ অনিল কুম্বলে এক শোকবার্তায় লেখেন, "এই ঘটনায় আমি গভীরভাবে শোকাহত। যাঁরা প্রাণ হারিয়েছেন, তাঁদের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানাই"।

ইংল্যান্ড সফরে থাকা ভারতীয় টেস্ট দলের অধিনায়ক শুবমান গিলও তাঁর সোশ্যাল মিডিয়া পোস্টে আমেদাবাদে বিমান দুর্ঘটনায় মৃতদের প্রতি শ্রদ্ধা জানান এবং তাঁদের পরিবারদের পাশে থাকার বার্তা দেন।

এই ভয়ঙ্কর বিমান দুর্ঘটনা দেশের প্রতিটি স্তরের মানুষকে নাড়া দিয়েছে—এবং ক্রীড়াজগতের প্রতিক্রিয়ায় সেই বেদনার স্পর্শ স্পষ্ট। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে প্রশাসন ও উদ্ধারকারী দল নিরন্তর কাজ করেছে।

# আহমেদাবাদ-লন্ডন বিমানের ভয়াবহ দুর্ঘটনায় কেঁপে উঠল বিশ্ব, যাত্রীদের খোঁজে হাহাকার

এক পাতার পর

জানা গেছে, প্রায় ২৫০ জন যাত্রী ছিলেন ওই বিমানে। দুর্ঘটনার তীব্রতায় বিমানটি একেবারে টুকরো টুকরো হয়ে যায়। দাউদাউ করে জ্বলে ওঠে সেই হোস্টেল ভবনটি ও আশেপাশের অঞ্চল। ক্ষতিগ্রস্ত হয়েছে বহু ঘরবাড়ি, গাড়ি এবং গাছপালা। ঘটনাস্থলে পৌঁছেছে দমকল বাহিনী, বিপর্যয় মোকাবিলা দল ইতিমধ্যেই উদ্ধার কাজ শুরু করে।

দীর্ঘ সময় ধরে চলে উদ্ধারকার্য। বহু যাত্রী রাত্রি ৯ টা পর্যন্ত নিখোঁজ ছিলো বলে খবর। পরিস্থিতির গভীরতা অনুধাবন করে গোটা দেশের পাশাপাশি আন্তর্জাতিক মহলও নজর রাখছে এই ঘটনায়। বিমান দুর্ঘটনার প্রকৃত কারণ জানতে তদন্ত শুরু করেছে ডিজিসিএ।

দৈনিক খোঁজখবর

বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন - 9775728465

# মোবাইল কিনে না দেওয়ায় আত্মঘাতী এক যুবক

অত্রি চক্রবর্তী, পূর্বস্থলী : বাবার কাছে দামি মোবাইল চেয়েছিল ছেলে। ক্ষেতমজুর বাবার পক্ষে দামি মোবাইল এই মুহূর্তে দেওয়া সম্ভব ছিল না। আর এই দামি মোবাইল দিতে পারবে না এমন জানানোর পরেই বৃহস্পতিবার সকালে বাড়ি থেকে ঝুলন্ত মৃতদেহ উদ্ধার হয় বছর উনিশের দেবদাস সাঁতরা নামে এক যুবকের। আজ বৃহস্পতিবার মৃতদেহটির ময়নাতদন্তের জন্য কালনা মহকুমা হাসপাতালে পাঠায় পূর্বস্থলী থানার পুলিশ প্রশাসন। জানা যায়, একটি মোবাইল থাকা সত্ত্বেও আরেকটি দামি মোবাইল কিনতে চেয়েছিল ছেলে দেবদাস সাঁতরা গতকাল সেই বিষয়ে বায়নাও করেছিল সে, কিন্তু খেদমজুর বাবার পক্ষে এই মুহূর্তে দামি মোবাইল দেওয়া সম্ভব ছিল না।



আর সেই কারণেই অভিমান করে গলায় ফাঁস দিয়ে আত্মঘাতী হয় ওই যুবক দেবদাস সাঁতরা। ঘটনাটি ঘটেছে পূর্বস্থলী থানার অন্তর্গত মকসিমপাড়া পঞ্চায়েতের ইসুবপুর এলাকায়। এ বিষয়ে মৃত যুবকের বাবা তিনি জানান ছেলেকে দামি মোবাইল কিনে দিতে পারিনি বলেই আজ এই পরিণতি। গোটা ঘটনা কে ঘিরে এলাকায় ছড়িয়েছে শোকের ছায়া।

# গগনেন্দ্র শিল্প প্রদর্শনী সভাগৃহে চিত্র প্রদর্শনী



খোঁজখবর,পারিজাত মোল্লা, ফটোগ্রাফিক অ্যাসোসিয়েশন অফ দমদমের ছাত্র ও সদস্যদের ৪৯ তম আলোকচিত্র প্রদর্শনী শুরু হলো গগনেন্দ্র শিল্প প্রদর্শনী সভাগৃহে | বৃহস্পতিবার উদ্বোধন করেন প্রাক্তন বিচারপতি অসীম কুমার ব্যানার্জি ,অধ্যাপিকা রঞ্জনা রায় , ডঃ অভয় নাথ গাঙ্গুলী ও অন্যান্য বিশিষ্ট অতিথিবর্গ | প্রায় ১১১ টি আলোকচিত্র এতে প্রদর্শিত হয়। অ্যাসোসিনের যুগ্ম সম্পাদক অধ্যাপক বিশ্বতোষ সেনগুপ্ত জানান -"প্রতিবছরের মত এ বছরও এই প্রদর্শনী হচ্ছে এবং সারা বছর ধরে আলোকচিত্র শিল্পকে সারা বিশ্বের দরবারে বর্তমান টেকনোলজির মাধ্যমে আর উন্নত করার প্রয়াস রয়েছে আমাদের" | প্রদর্শনীটি চলবে আগামী ১৪ জুন দুপুর তিনটা থেকে রাত ৮ টা পর্যন্ত |

# মহিলা পুলিশ আধিকারিকের উপর হামলা, গ্রেফতার অভিযুক্ত

খোঁজখবর,সত্যজিৎ মণ্ডল, ভাঙড় : চন্দনেশ্বর থানার অধীনস্থ সোন্দালিয়া গ্রামে ডিউটিরত এক মহিলা পুলিশ আধিকারিকের উপর হামলার ঘটনায় গ্রেফতার করা হল এক যুবককে। পুলিশ জানিয়েছে, অভিযুক্ত মিজানুর রহমান ওই এলাকারই বাসিন্দা।

পুলিশ সূত্রে খবর, সোন্দালিয়া গ্রামের বাসিন্দা মোশিয়ার রহমানের বিরুদ্ধে তাঁর স্ত্রী বধূ নির্যাতনের অভিযোগ দায়ের করেন। সেই অভিযোগের ভিত্তিতে ৪৯৮এ, ৪০৬, ৩২৩, ৩৪ আইপিসি ও ডাওরি প্রোহিবিশন আইনের বিভিন্ন ধারায় মামলা রুজু করা হয়। পরে আদালতের নির্দেশে অভিযুক্তের স্ত্রীর পক্ষ থেকে দেওয়া বিবাহকালীন সামগ্রী ফেরত দিতে বলা হয়।

আদালতের সেই নির্দেশ অনুযায়ী বুধবার দুপুরে চন্দনেশ্বর থানার মহিলা সাব-ইন্সপেক্টর সাহানা জাসমিন একদল পুলিশকর্মী নিয়ে মোশিয়ার রহমানের বাড়িতে যান। অভিযোগ, সেই সময় মোশিয়ারের দাদা মিজানুর রহমান হঠাৎ সেখানে উপস্থিত হয়ে সরকারি কাজকর্মে বাধা প্রদান করেন। এরপর মহিলা অফিসারকে লক্ষ্য করে সে মারধর শুরু করে। অভিযোগ, অভিযুক্ত মিজানুর ঘুষি, কিল ও চড় মেরে অফিসারকে শারীরিকভাবে আঘাত করেন।

ঘটনাস্থলে উপস্থিত অন্যান্য পুলিশকর্মীরা আহত সাহানা জাসমিনকে তৎক্ষণাৎ উদ্ধার করে নলমুড়ি ব্লক হাসপাতালে ভর্তি করেন। প্রাথমিক চিকিৎসার পর তিনি ছাড়া পান।

পরে আক্রান্ত পুলিশ আধিকারিকের লিখিত অভিযোগের ভিত্তিতে অভিযুক্ত মিজানুর রহমানকে বুধবার রাতেই গ্রেফতার করে পুলিশ। বৃহস্পতিবার সকালে তাকে বারুইপুর মহকুমা আদালতে পেশ করা হলে বিচারক তাকে পুলিশি হেফাজতে পাঠানোর নির্দেশ দেন।

# নিখোঁজ হয়ে যাওয়া তিন শিশুকে উদ্ধার করলো লাভপুর থানার পুলিশের




১২ জুন : বীরভূমের লাভপুর থানার অন্তর্গত চৌহাট্টা মহোদড়ি ২ নং গ্রাম পঞ্চায়েতের শ্রীকৃষ্ণপুর গ্রামের তিন শিশু গতকাল অর্থাৎ বুধবার নিখোঁজ হয়ে যায় ধর্মরাজ মেলায় গিয়ে। গতকাল বুধবার দুপুর তিনটে থেকে নিখোঁজ ছিল এই তিন শিশু। যাদের বয়স আনুমানিক পাঁচ থেকে ছয় বছরের মধ্যে। খবর দেওয়া হয় লাভপুর থানার পুলিশকে। লাভপুর থানার পুলিশ খবর পেয়ে তৎপরতার সঙ্গে বিভিন্ন এলাকায় খোঁজাখুঁজি শুরু করে। লাভপুর থানার পুলিশের পক্ষ থেকে খোঁজাখুঁজি করার পর খুঁজে বের করা হয় এই তিন শিশুকে। এই তিন শিশুর নাম পিকু মার্ডি, শিবানী বাসকি, প্রিয়া বাসকি।লাভপুর থানার পুলিশের পক্ষ থেকে নিখোঁজ হয়ে যাওয়া তিন শিশুকে মিষ্টিমুখ করিয়ে অভিভাবকদের হাতে তুলে দেওয়া হয়। লাভপুর থানার পুলিশের এই উদ্যোগে সাধুবাদ জানিয়েছেন এলাকার বহু বিশিষ্ট জনেরা।

# পালসিটে জাতীয় সড়কে কন্টেনার-ট্রলারের মুখোমুখি সংঘর্ষ, আহত দুই চালক

খোঁজখবর ঃ পূর্ব বর্ধমানের পালসিটে ১৯ নম্বর জাতীয় সড়কে বৃহস্পতিবার সকালে একটি কন্টেনার ও একটি ট্রলারের মুখোমুখি সংঘর্ষে চাঞ্চল্য ছড়ায়। দুর্ঘটনায় আহত হন দুটি গাড়ির চালক। তাঁদের দ্রুত উদ্ধার করে বর্ধমান মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করে শক্তিগড় থানার পুলিশ।

পুলিশ সূত্রে জানা গিয়েছে, কন্টেনারটি দুর্গাপুর থেকে কলকাতার দিকে যাচ্ছিল এবং ট্রলারটি কলকাতা থেকে দুর্গাপুর অভিমুখে আসছিল। সেই সময় নিয়ন্ত্রণ হারিয়ে কন্টেনারটি রাস্তায় ডিভাইডারে উঠে যায় ও উল্টে পড়ে। দুর্ঘটনার জেরে কিছু সময়ের জন্য ওই রাস্তায় যানজট তৈরি হয়। তবে দ্রুততার সঙ্গে শক্তিগড় থানার পুলিশ ঘটনাস্থলে পৌঁছে উল্টে পড়া কন্টেনার ও ট্রলার সরিয়ে যান চলাচল



স্বাভাবিক করে।

যদিও এই দুর্ঘটনায় প্রাণহানির কোনও খবর নেই, তবে দুই চালক আহত অবস্থায় হাসপাতালে চিকিৎসাধীন। দুর্ঘটনার সঠিক কারণ খতিয়ে দেখছে পুলিশ।




ARO Asiatic Research Organisation
(under Ministry of Corporate Affairs)
Affiliated to NITI Aayog, Government of India

Analysts, Research & Movement on

- Anti-Trafficking
- Human Rights
- Politics
- Administrative
- Child Rights
- Civil Rights
- Hermaphrodite Rights and Protection

www.arogovt.in connect@arogovt.in

Owner & published by Sk Jinnar Ali ,on behalf of Khonjkhobor Media Network Pvt ltd . Publish at 1701 Madurdaha, Kolkata-107 , Editor: SK Jinnar Ali , Sub -Editor: Krishna saha.
Email : khonjkhobornews@gmail.com , Contact: 09876641563 / 9775728465